

জাকসু নির্বাচনের রেজাল্ট ম্যানিপুলেট করার পরিকল্পনার অভিযোগ, স্ক্রিনশট ভাইরাল

অনলাইন ডেস্ক

প্রকাশিত: ০১:২৮, ১১ সেপ্টেম্বর ২০২৫; আপডেট: ০২:০৮, ১১
সেপ্টেম্বর ২০২৫



ছবি: সংগৃহীত

জাকসু নির্বাচন নিয়ে রাতের শুরু থেকে চলছে নানা আলোচনা সমালোচনা। প্রথমে ব্যালট বক্সের পেছনে ছাত্রদল নেতাদের অনুসরণ, শাখা ছাত্রদলের নেতাদের নিয়ে নির্বাচন কমিশনের ভেতরে গোপন মিটিং, ঢাকা উত্তরের বিএনপি নেতাকে নিয়ে নির্বাচন কমিশন অফিসে সাবেক ছাত্রলীগ সভাপতির প্রবেশের ঘটনায় উত্তপ্ত হয় ক্যাম্পাসে। এবার অভিযোগ উঠেছে বিএনপিপন্থী শিক্ষকদের দিয়ে রেজাল্ট ম্যানিপুলেট করার নির্দেশনা দেওয়া হচ্ছে সিক্রেট গ্রুপে।

বুধবার (১০ সেপ্টেম্বর) দিবাগত রাতে সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকে ছড়িয়ে পড়া এক স্ক্রিনশট থেকে এ তথ্য জানা যায়।

সামাজিক যোগাযোগমাধ্যমে দেখা যায় একটি স্ক্রিনশট ভাইরাল হয়েছে। যেখানে মাহমুদ মুহাম্মদ নামে একজন প্রভোস্ট কমিটির সভাপতি অধ্যাপক নজরুল ইসলাম, জীববিজ্ঞানের ডিন অধ্যাপক মাহফুজী সাত্তার, প্রক্টর অধ্যাপক রাশেদুল ইসলাম, দর্শনের অধ্যাপক মোস্তফা নাজমুল মানসুর, শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক সোহেল রানাকে মেনশন দিয়ে একটি মেসেজ দিয়েছেন।

M

~ Mahmud Muhammad...

আগামীকাল জাকসুর নির্বাচনে ছাত্রদলকে যেন কোন অভিযোগ অনুযোগ নিয়ে নির্বাচন সংশ্লিষ্টদের কাছে যেতে না হয়। বরঞ্চ শিবিরের প্রার্থীরা যেন অভিযোগ নিয়ে মিডিয়া ফেইস করে। এটা এখানে থাকা জাতীয়তাবাদী শিক্ষকরা তা এনসিউর করবেন প্লিজ। এবং কোন কোন কেন্দ্রে কোন কোন শিক্ষককে দায়িত্ব দেয়া হয়েছে তা এখানে দেয়া হউক অথবা ছাত্রদলের প্যানেলকে দেয়া হউক। আমরা তা খতিয়ে দেখতে চাই তারা কাদের সময় নিয়োগ প্রাপ্ত ও কাদের হয়ে কাজ করবে!!! @~Prof. Dr. Nazrul Islam @~M Mafruhi Sattar @~Rashedul Hasan @~Prof.Dr. Mostofa N Mansur @~Md Sohel Rana @+880 [redacted] @~Prof dr sayed Muhammad

Edited 6:05 pm

ছবি: সংগৃহীত

মেসেজটিতে বলা হয়, ‘আগামীকাল জাকসুর নির্বাচনে ছাত্রদলকে যেন কোন অভিযোগ অনুযোগ নিয়ে নির্বাচন সংশ্লিষ্টদের কাছে যেতে না হয়। বরঞ্চ শিবিরের প্রার্থীরা যেন অভিযোগ নিয়ে মিডিয়া ফেইস করে। এটা এখানে থাকা জাতীয়তাবাদী শিক্ষকরা তা এনসিউর করবেন প্লিজ। এবং কোন কোন কেন্দ্রে কোন কোন শিক্ষককে দায়িত্ব দেয়া হয়েছে তা এখানে দেয়া হউক অথবা ছাত্রদলের প্যানেলকে দেয়া হউক। আমরা তা খতিয়ে দেখতে চাই তারা কাদের সময় নিয়োগপ্রাপ্ত ও কাদের হয়ে কাজ করবে!’